

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৩৪

সাওম অধ্যায় (كتاب الصوم)
পরিচ্ছেদঃ ৯. সাহরী খাওয়ার ফ্যীলত

بَابِ فِي فَضِنْلِ السُّحُورِ

আরবী

حَدَّقَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ حَدَّقَنَا مُوسَى بْنُ عُلَيِّ قَالَ سَمِعْتُ أَبِي يُحَدِّثُ عَنْ أَبِي قَيْسٍ مَوْلَى عَمْرُو بْنُ الْعَاصِ يَأْمُرُنَا أَنْ نَصْنَعَ لَهُ الطَّعَامَ يَتَسَحَّرُ بِهِ فَلَا عُمْرِو بْنِ الْعَاصِ قَالَ كَانَ عَمْرُو بْنُ الْعَاصِ يَأْمُرُنَا أَنْ نَصْنَعَ لَهُ الطَّعَامَ يَتَسَحَّرُ بِهِ فَلَا يُصِيبُ مِنْهُ كَثِيرًا قَالَ إِنِي لَا آمُرُكُمْ بِهِ أَنِي يُصِيبُ مِنْهُ كَثِيرًا قَالَ إِنِي لَا آمُرُكُمْ بِهِ أَنِي يَصَيِبُ مِنْهُ كَثِيرًا قَالَ إِنِي لَا آمُرُكُمْ بِهِ أَنِي أَشْتَهِيهِ وَلَكِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فَصْلُ مَا بَيْنَ صِيامِنَا وَصِيامٍ أَهْلِ الْكِتَابِ أَكْلَةُ السَّحَرِ

বাংলা

১৭৩৪. আমর ইবনুল'আসরাদিয়াল্লাহু আনহ'র মুক্তদাস আবী কাইস হতে বর্ণিত। তিনি বলেন, আমর ইবনুল 'আস রাদিয়াল্লাহু আনহু আমাদেরকে তাঁর সাহারীর জন্য খাদ্য প্রস্তুত করতে বলতেন, কিন্তু তিনি এর বেশির ভাগই গ্রহণ করতেন না। তখন আমরা তাঁকে বললাম: আপনি আমাদেরকে তা (খাদ্য প্রস্তুত করতে) বলেন, কিন্তু এর বেশির ভাগই আপনি গ্রহণ করেন না (এর কারণ কী) ?

তখন তিনি বলেন, আমি আমার ইচ্ছামত তোমাদেরকে একাজ করতে বলি না, বরং আমি রাসূল্ল্লাহ্ সাল্লাল্লাহ্ 'আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি: "আমাদের রোযার মধ্যে এবং আহলে কিতাবদের রোযার মধ্যে পার্থক্য হ'ল সাহরী খাওয়া।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, সিয়াম ১০৯৬

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৪৭৭ ও মুসনাদুল মাউসিলী নং ৭৩৩৭ তে।;



এখানে সংযোজন করছি: ইবনু হাযম আল মুহাল্লা ৬/২৪০; তাহাবী, মুশকিলিল আছার ১/১৯৮-১৯৯; খতীব, তারীখ বাগদাদ ৭/২৬৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন